ঝিনাইদহে বিএনপি’র ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

নানা আয়োজনে বিএনপি’র ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে। আজ শুক্রবার সকালে ঝিনাইদহ জেলা বিএনপি’র আয়োজনে শহরের এইচএসএস সড়কের দলীয় কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে আলোচনা মঞ্চে গিয়ে শেষ হয়। পরে সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এম এ মজিদ এর সভাপতিত্বে জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুগ্ম-সাধারন সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, উপজেলা বিএনপির সভাপতি কামাল আজাদ পান্নুসহ বিএনপি ও এর অন্যান্য সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, অবৈধ সরকার আজ দেশের গণতন্ত্রকে হত্যা করে মানুষের স্বাধীনতা হরণ করে পুলিশ দিয়ে জোর করে ক্ষমতায় বসে আসে। দেশের মানুষের ভোটাধিকার ও গনতন্ত্র ফিরিয়ে আনতে আগামী দিনের আন্দোলন সংগ্রামে সকলকে ঐক্যবদ্ধ হয়ে রাজপথে থাকার আহবান জানান তারা।

মেহেরপুরে বিএনপির একাংশের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিক উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির এক অংশের উদ্যোগে আনন্দ র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আজ শুক্রবার বিকালে মেহেরপুর বড়বাজার জেলা বিএনপির কার্যালয়ে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা যুবদলের যুগ্ন সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম দুলালের সঞ্চালনায় মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খাঁন ছাতু, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সহ-সংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা যুবদলের সহ-সাধারণ সম্পাদক শেখ হুজাইফা ডিক্লেয়ার, জেলা যুবদলের সদস্য এবং জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানি সহ জেলা ও উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন নেতা কর্মীবৃন্দ।

গাংনীতে জাভেদ মিল্টনের উদ্যোগে বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাবেদ মাসুদ মিলনের উদ্যোগে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

দিবসটি উৎসাহ উদ্দিপনার মধ্যমে পালন উপলক্ষে গাংনীতে উপজেলা বিএনপির আয়োজনে আলোচনা সভা ও আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

শোভাযাত্রার নেতৃত্বদেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাবেদ মাসুদ মিল্টন। শুক্রবার বিকেলে একটি আনন্দ শোভাযাত্রা গাংনী বাজার স্ট্যান্ড চত্বর থেকে বের হয়ে গাংনী পৌর শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ

সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন,পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা,জেলা বিএনপির যুগ্ন সাধারন সম্পাদক আব্দুল আউয়াল সহ ছাত্রদল ও যুবদল,স্বেচ্ছাসেবক দল নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুর বিএনপি’র ৪৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রস্তুতি সভা

ঝিনাইদাহের কোটচাঁদপুর উপজেলায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

কোটচাঁদপুর ৫নং এলাঙ্গী ইউনিয়ন বিএনপির আয়োজনে বুধবার বিকালে উপজেলা বিএনপির মেন বাস স্ট্যান্ডে দলীও কার্যালয়ে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ ইকরামুল হক এর সভাপতিত্বে,প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সহ-সভাপতি প্রভাষক মোঃ সাইফুর রহমান মিন্টু,উপজেলা বিএনপির তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক মোঃ মঈন উদ্দিন খান, এলাঙ্গী ইউনিয়ন বিএনপি সাধারণ সম্পাদক মোঃ মনিরুজ্জামান খোকা, সাংগঠনিক সম্পাদক মোঃ গোলাম মোস্তফা মন্টু,এলাঙ্গী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের সভাপতি সাধারণ সম্পাদকসহ বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এ সময় নেতৃবৃন্দরা বলেন আগামী পহেলা সেপ্টেম্বরে দলের প্রতিষ্ঠাবার্ষিকীতে সকল স্তরে নেতৃবৃন্দের উপস্থিতি কামনা করেন

গুমের শিকার ব্যক্তিদের স্মরণে মেহেরপুরে বিএনপি’র মিছিল ও সমাবেশ

গুমের শিকার ব্যক্তিদের স্মরণে আন্তর্জাতিক দিবস উপলক্ষে মিছিল ও সমাবেশ করেছে মেহেরপুর জেলা বিএনপি। আজ বুধবার বিকাল পাঁচটার দিকে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ সমাবেশ করা হয়।

সমাবেশে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, সিনিয়র সহ সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাড: মারুফ আহমেদ বিজন প্রমুখ।

এ সময় বিএনপি ও তার অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা সমাবেশে অংশ নেয়।

এর আগে জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের নেতৃত্বে কাঁসারী বাজার মোড় থেকে সংক্ষিপ্ত মিছিল বের হয়। মিছিলটি শহর প্রদক্ষিণ শেষে জেলা বিএনপির কার্যালয়ে গিয়ে শেষ হয়।

আওয়ামী লীগের ডজন, বিএনপির তিন, জামায়াতের একক প্রার্থী

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে মেহেরপুর-২ (গাংনী) আসন থেকে বিভিন্ন রাজনৈতিক দলগুলোর নেতৃত্বস্থানীয় ব্যাক্তিরা ভিন্ন ভিন্ন পন্থায় চালিয়ে যাচ্ছেন জনসমর্থনের চেষ্টা । ইতোমধ্যে বিভিন্ন দল থেকে মনোনয়ন প্রত্যাশীর জনসমাবেশ করে জানান দিয়ে শুরু করেছেন নির্বাচনী প্রস্তুতি।

স্থানীয় নেতাকর্মীদের মধ্যে মেহেরপুর-২(গাংনী)আসনের নির্বাচনে সম্ভাব্য প্রার্থীদের মধ্যে নতুন চমক থাকতে পারে বলে তৃণমুল নেতাকর্মীদের মধ্যে শুরু হয়েছে গুঞ্জন। ক্ষমতাসীন আওয়ামীলীগ থেকে মনোনয়ন প্রত্যাশীরা সরকারের সাফল্য তুলে ধরে মিটিং, মিছিল,গণজমায়েত,উঠান বৈঠকের মাধ্যমে দির্ঘদিনের সাফল্যের বিষয়টি সাধারণ মানুষের মধ্যে জানান দিয়ে নিজের অবস্থান শক্ত করার চেষ্টা করছেন। এতে গাংনী উপজেলা আওয়ামীলীগের মধ্যে গ্রুপিং রাজনীতির শুরু হয়েছে। তৃণমুল নেতাকর্মীরা কোন নেতার কাছে যাবেন এ নিয়েও পড়েছেন দ্বিধাদন্দে। তবে দলীয় স্বার্থে সকলেও ডাকেই নিজ কৌশলে উপস্থিতি দেখানোর চেষ্টা করছেন।

অন্য দিকে বিএনপি,জামায়াতে ইসলামী,জাতীয় পার্টিসহ বিভিন্ন রাজনৈতিক দলের লোকজনও বসে নেই। তারাও তাদের নির্বাচনী প্রচারণা চালিয়ে যাচ্ছেন তাদের নিজস্ব কৌশলে। আগামী জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর-২(গাংনী) আসনে জনসর্থন থাক আর না থাক বাংলাদেশ আওয়ামীলীগ থেকে ডজন খানেক নেতাকর্মীরা মনোয়ন চাইবেন বলে স্ব-স্ব সুত্রে জানা গেছে। অন্যান্য বারের তুলনায় এবার জনগনের সাথে সম্পৃক্ত ও উন্নয়ন দেখে সঠিক নেতা নির্বাচন করেবন আওয়ামীলীগের ভোটাররা। নেতাদের আদর্শ ও বৈশিষ্ট নিয়ে পাড়া মহল্লা ও চায়ের দোকানে বসে গল্পে গল্পে চলছে চুলচেরা বিশ্লেসন। সাধারণ মানুষ যার কাছে মুল্যায়িত হবে তাকেই বেছে নেবেন সাধারণ মানুষ।

সুত্র জানায়, বর্তমান সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন আবারও বাংলাদেশ আওয়ামীলীগ থেকে মনোনয়ন চাইবেন। তিনি নির্বাচনে জয়লাভ করে গানী উপজেলায় বিভিন্ন উনয়নমুলক কার্যক্রম করে জনমনে অনেকটাই প্রসংশিত । স্কুল,কলেজ,মসজিদ মাদ্রাসা,রাস্তাসহ বিভিন্ন স্থানে বর্তমান সংসদ সদস্যের অবদানকে মানুষ মনে রাখবেন বলে দাবী করে আবারও নৌকার পক্ষে মনোনয়ন পেলে নৌকার বিজয় নিশ্চিত মনে করছেন। বর্তমান সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন তার নির্বাচনী এলাকায় কৃষকদের জীবন রক্ষায় ‘‘শেখ হাসিনা কৃষক ছাউনি’’ করে আলোচিত হয়েছেন। তিনিও বিভিন্ন গ্রামে গ্রামে সরকারের সাফল্য ও উন্নয়ন তুলে ধরে মিটিং সমাবেশ অব্যাহত রেখেছেন। চেষ্টা করছেন গ্রাম গঞ্জের তৃণমুল নেতাকর্মীদের সাথে রেখে আগামী নির্বাচনে নৌকার মনোনয়ন পাওয়ার প্রত্যাশা করছেন।

জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক তার নেতা কর্মীদের সাথে নিয়ে নির্বাচনী

এলাকা পরিদর্শন করছেন। দ্বিতীয় বারের মত জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নির্বাচিত হয়ে মেহেরপুররর আওয়ামীলীগকে সুসংগঠিত করেছেন। বিভিন্ন গ্রামে ও পাড়া মহল্লায় গণমাবেশ করছেন। তিনিও এবার নির্বাচনে আওয়ামীলীগ থেকে মনোনয়ন চাইবেন।

গাংনীর দুই বারের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন আবারও নৌকার পক্ষে মনোনয়ন চাইবেন। তিনি দির্ঘদিন থেকে আওয়ামী লীগ রাজনীতির সাথে সম্পৃক্ত। তিনি জেলা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। দলীয় মনোনয়ন না পেয়ে তিনি স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ গ্রহন করে দুই বার সংসদ সদস্য হিসেবে গাংনীর মানুষের সেবা করার সুযোগ পেয়েছিলেন। এক বার তিনি নৌকার বিরদ্ধে ভোট করে নির্বাচিত হন। এবারও তিনি মনোনয়ন চাইবেন বাংলাদেশ আওয়ামীলীগ থেকে। মকবুল হোসেন গাংনীর মানুষের কাছে প্রবীণ নেতা হিসেবে পরিচিত। কয়েকদিন আগেও তিনি ১৫ আগষ্টের একটি যুবলীগের একটি আলোচনা সভায় সব চেয়ে বেশি লোকসমাগম হওয়ায় আবারও তিনি আলোচনায়। স্বতন্ত্র নির্বাচন করায় তিনি আওয়ামীলীগ থেকে ছিটকে গেছেন নাকি আওয়ামীলীগ তাকে মুল্যায়ন করবেন এনিয় শুরু হয়েছে নানা গুঞ্জন।

গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ মোখলেছুর রহমান মুকুল। তিনি গাংনীর আওয়ামীলীগ রাজনীতিতে নতুন দলীয় পদ পেয়ে উপজেলা আওয়ামীলীগকে নতুন করে সুসংগঠিত করার চেষ্টা করছেন। সুবিধাবঞ্চিত আওয়ামীলীগ কর্মিদের সাথ নিয়ে মাঠ চষে বেড়াচ্ছেন॥ আওয়ামীলীগের কেন্দ্রীয় ঘোষিত সকল প্রোগাম করছেন । রাজনীতিতে নতুন পদ পেলেও স্বল্প সময়ে আলোচনায় এসছেন গাংনী উপজেলা আওয়ামীলীগের রাজনীতিতে। তিনিও গ্রামে গ্রামে নৌকার পক্ষে ভাট চাইছেন। আসন্ন জাতীয় সংসদ নিবার্চনে তিনি আওয়ামীলীগ থেকে মনোনয়ন চাইবেন বলে নিশ্চিত করেছেন॥ তার কাজ কর্মে অনেকের কাছেই বিশ্বস্ত হতে শুরু করেছেন বলেও দাবী করেন তিনি। মনোনয়ন পেলে গাংনী আসনে বিপুল ভোটে নৌকার বিজয় হবে বলে তার সমিকরণ।

গাংনী পৌরসভার একাধিক বার নির্বাচিত মেয়র আহমেদ আলী আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে অংশ গহন করবেন বলে জানিয়েছেন। বিএনপি জোট সরকারের অমলে তিনি মামলা হামলার শিকার হয়েছিলেন। আওয়ামীলীগ সভানেত্রী শেখ হাসিনা আহমেদ আলীকে নৌকার মনোনয়ন দিলে তিনি মেয়র নির্বাচিত হন। জনপ্রিয়তায় তিনি একাধিকবার মেয়র নির্বাচিত হওয়ায় তিনি এবার মেহেরপুর-২(গাংনী) আসনে সংসদ নির্বাচনে মনোনয়ন চাইবেন।

ডাক্তার এসএম নাজমুল হক সাগর। তিনি বর্তমানে মেহেরপুর জেলা আওয়ামীলীগের স্বাস্থ্য বিষয়ক সম্পাদক। রাজশাহী মেডিকেল কলেজের ছাত্রলীগের সাধারণ সম্পাদক ছিলেন। তিনি গণপরিষদ সদস্য ও একাত্তর পরবর্তী সময়রের এমপি নুরুল হকের জ্যেষ্ঠ্য পুত্র। তিনিও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ গহন করার জন্য নেতাকর্মীদের উজ্জীবীত করার লক্ষ্যে সভা -সমাবশ করছেন। পিতার উত্তরসূরি হিসেবে আওয়ামীলীগ থেকে মনোনয়ন চাইবেন।

মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন। তিনিও ছাত্র জীবন থেকে পারিবারিক ভাবেই আওয়ামীলীগের রাজনীতির সাথে সক্রিয়। তিনি মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি। সরকারের সাফল্য উন্নয়নের গান রচনা করে মানুষের দ্বারে দ্বারে ঘুরছেন। আওয়ামীলীগ থেকে মনোনয়ন চাইবেন তিনিও। কৃষলীগের নেতা হিসেবে তিনি জেলার বিভিন্ন প্রান্তে কেটি গাছের চারা রোপনের কাজ অব্যাহত রেখেছেন।তিনি মেহেরপুর জেলা আওয়ামীলীগের উপদেষ্টা কমিটির সদস্য মরহুম সরোয়ার হোসেনের ছেলে।

গাংনী উপজেলা যুব লীগের সভাপতি মোশারফ হোসেন। তিনিও এবার সংসদ নির্বাচনে মনোনয়ন চাইবেন। গাংনী উপজেলা যুবলীগকে সুসংগঠিত করে মিভিন্ন মিটিং মিছিলে অংশ গ্রহন অব্যাহত রেখে জনগনের সাথে সমর্থন চাইছন।

মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগের সম্পাদিকা মোছাঃ নুরজাহান বেগম। অন্যান্য বারের মত এবারও তিনি বাংলাদেশ ◌্আওয়ামী লীগ থেকে মেহেরপুর-২ (গাংনী) আসনে মনোনয়ন চাইবেন। নুরজাহার বেগম সাবেক চেয়ারম্যান মরহুম বজলুর রহমান বিশ্বাসের স্ত্রী বজলুর রহমান বিশ্বাস ১৯৭৬ সাল থেকে ১৯৮০ সাল পর্যন্ত উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ছিলেন। সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হওয়ার পর ২০০৩ সালে বিএনপি ক্ষমতায় থাকা কালীণ সময়ে সন্ত্রাসীরা তাকে গুলি করে নির্মম ভাবে হত্যা করে। বজলুর রহমান বিশ্বাসের মৃত্যুর পর দু’ ছেলে নিয়ে তিনিও প্রাণের ভয়ে আতংকিত ছিলেন দির্ঘদিন। নুরজাহার বেগমের বড় ছেলে মশিউর রহমান নৌকার মনোনিত ইউপি চেয়ারম্যান নির্বাচিত হয়ে দায়িত্ব পালন করছেন। আগামী জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ থেকে মনোনয়ন প্রাপ্তির প্রত্যাশা করছেন নুরজাহান বেগম ।

এ্যাডভোকেট রাশেদুল হকজুয়েল। তিনি বর্তমানে গাংনী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান। তিনিও বিভিন্ন ভঅবে লোকজনের মাঝে

সভাসমাবেশ করে জনসমর্থন চাইছেন। জনসমর্থনে তিনি পৃথক পৃথক ভাবে আওয়ামী লীগের বিভিন্ন কর্মসুচী পালনের মাধ্যমে নেতাকর্মীদের সাথে সু-সম্পর্ক গাড় করার চেষ্টা অব্যাহত রেখেছেন। তিনিও দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়ন চাইবেন। দলীয় পদে না থাকলেও বর্তমান সরকার তরুন নেতৃত্বের দিকে মুল্যায়ন করবেন বলে প্রত্যাশা করেন তিনি।

গাংনীর কাজিপুর কলেজের সহকারি অধ্যাপক ও মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির পরিচালক মোঃ রিয়াজ উদ্দীন,দলীয় কোন পদে না থাকলেও তিনি ছাত্র জীবন থেকে আওয়ামী লীগকে সমর্থন করে আসছেন। তিনিও মনোনয়নের জন্য আবেদন করবেন।

একই সাখে গাংনী সরকারি ডিগ্রী কলেজের সাবেক ছাত্র লীগের সভাপতি নুরুল ইসলাম রিন্টু চাইবেন বাংলাদেশ আওয়মীলীগ থেকে মনোনয়ন। তিনিও গাংনীর বিভিন্ন গ্রামে সরকারের উন্নয়ন তুলে ধরে নৌকার পক্ষে ভোট চাইছেন।

অপরদিকে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) থেকে তিন জন প্রার্থী মেহেরপুর -২ (গাংনী) আসনে মনোনয়ন চাইবেন বলে জানা গেছে। সাবেক সংসদ সদস্য মোঃ আমজাদ হোসেন বর্তমানে মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। শারীরীক অসুস্থতার কারনে বর্তমান প্রেক্ষাপটে তিনি কিছুটা জন-বিচ্ছিন্ন। উপজেলা পর্যায়ে কোন মিটিং মিছিলে তার অংশগ্রহন চোখে পড়েনা বলে বিএনপি সমর্থকারিদের।

সে কারনে যে সকল নেতাকর্মীরা বর্তমান সরকারের সময় পর্যন্ত মামলা,হামলা ও নির্যাতনের শিকার হয়েছেন তাদের মুল্যায়ন চাইবেন বিএনপির সাধারণ ভোটার থেকে শুরু করে তৃণমুল নেতাকর্মীরা। মামলা হামলার মধ্যে থেকেও গাংনী উপজেলা বিএনপিকে সুসংগঠিত করে রেখেছেন এমন নেতাদের মুল্যায়ন চাইছেন বিএনপি মনা মানুষ।

অপর মনোনয়ন প্রত্যাশী জাভেদ মাসুদ মিল্টন। তিনি মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। গাংনী উপজেলা বিএনপিকে সুসংগঠিত করে বিভিন্ন সময় মিটিং মিছিল,পদযাত্রা ও সরকারি বিরোধী আন্দোলনে সক্রিয় অংশ গ্রহন করেছেন তিনি। মেহেরপুর-২ গাংনী আসনে ধানের,শীষে মনোনয়ন চাইবেন জাভেদ মাসুদ মিল্টন। তবে দলীয় সিদ্ধান্তের বাইরে তিনি কিছুই করবেন না বলে জানিয়েছেন।

উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু। তিনিও এবার দলীয় সিদ্ধান্ত অনুযায়ী বিএনপি থেকে মনোনয়ন প্রত্যাশী। ক্ষমতাশীন দলের করা মামলায় জর্জরিত আসাদুজ্জামান বাবলু। গাংনী উপজেলা বিএনপিকে গুছিয়ে রাখতে তার অবদান ও ভুমিকা রয়েছে যথেষ্ট। মাঠ পর্যায়ের নেতাকর্মী ও সমর্থকদের কাছে অনেক জনপ্রিয়। তিনিও দলীয় বিএনপি দলীয় মনোনয়ন চাইবেন। মনোনয়ন পেলে গাংনী আসন বিএনপি জয়লাভ করবে বলেও তিনি তার মতামত ব্যক্ত করেছেন। তবে, তলে তলে দলকে চাঙ্গা রাখতে আসাদুজ্জমান বাবলু’র ভ’মিকা অস্বীকার করার মত নয়।

অন্যদিকে বাংলাদেশ জামায়াত ইসলামীর মেহেরপুর জেলা শাখার সুরা সদস্য মোঃ নাজমুল হুদা মেহেরপুর -২ (গাংনী) আসনের জন্য মনোয়ন চাইবেন বলে জানিয়েছে। ইতোমধ্যে তিনি জনসমর্থন চাইতে বিভিন্ন এলাকায় পোষ্টার লিফলেটের মাধ্যমে প্রচারণা চালিয়ে যাচ্ছেন। দলীয় মনোনয়ন পেলে মেহেরপুর-২(গাংনী) আসন থেকে একক প্রার্থী হিসেবে নাজমুল হুদার নাম শোনা যাচ্ছে। দলীয় মনোনয়ন পেলে এবং সুষ্ঠ্য নির্বাচন হলে গাংনী আসনটি জামায়াত ইসলামী বিপুল ভোটের মাধ্যমে সংসদ সদস্য নির্বাচিত হবেন বলে তিনি আশা ব্যক্ত করেছেন।

এদিকে জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন এনডিএম থেকে মেহেরপুর-২(গাংনী) আসনে তরুন পজন্মের প্রার্থী মোঃ জাবেদুর রহমান জনির নাম একক প্রার্থী হিসেবে ঘোষনা করেছে দলটি। গাংনী উপজেলার স্থায়ী বাসিন্দা হিসেবে গাংনীর মানুষৈর প্রত্যাশা পুরুনে কাজ করতে চান জাবেদুর রহমান জনি। তিনিও আগামী দ্বাদশ জাতয় সংসদ নির্বাচনে এনডিএম থেকে মনোনয় পেলে ভোট যুদ্ধে শরিক হবেন। তবে সাধারণ মানুষের আপদ বিপদে পাশে থেকে সাধারণ মানুষের সেবা করার সুযোগ চান তিনি।

মেহেরপুরে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের মানববন্ধন

‘শপথবদ্ধ রাজনীতিবিদ বিচারকদের পদত্যাগ চাই’এই স্লোগান কে সামনে

রেখে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসাবে মেহেরপুর জেলা শাখার উদ্যোগে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার ২১ আগষ্ট সকাল সাড়ে দশটায় মেহেরপুর নিমতলা আইনজীবী ভবনের সামনে এই বিক্ষোভ সমাবেশ ও মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মারুফ আহমেদ বিজনের নেতৃত্বে এই বিক্ষোভ সমাবেশে অংশ নেন অ্যাডভোকেট কামরুল ইসলাম, অ্যাডভোকেট আনোয়ার হোসেন, অ্যাডভোকেট মখলেছুর রহমান স্বপন, অ্যাডভোকেট আসাদুল আযম খোকন, অ্যাডভোকেট নজরুল ইসলাম, অ্যাডভোকেট আব্দুর রাজ্জাক, অ্যাডভোকেট নাসিম, অ্যাডভোকেট সাইদুল ইসলাম, অ্যাডভোকেট কল্লোল, অ্যাডভোকেট এহান উদ্দীন মনা, অ্যাডভোকেট আল মামুন অনলসহ আইনজীবি পরিষদের অন্যান্য নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গায় জেলা বিএনপির পদযাত্রা অনুষ্ঠিত

বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মুক্তিসহ উন্নত চিকিৎসার দাবিতে চুয়াডাঙ্গায় পদযাত্রা কর্মসূচি পালন করেছে বিএনপি।

আজ শনিবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা জেলা বিএনপি এই কর্মসূচির আয়োজন করে। চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক ও কেন্দ্রীয় কমিটির সহ- কোষাধ্যক্ষ মাহমুদ হাসান খান বাবু এবং জেলা বিএনপির সদস্য সচিব শরীফুজ্জামান শরীফের নেতৃত্বে বেলা ১১টায় জেলা সাহিত্য পরিষদ চত্বর থেকে পদযাত্রা বের হয়।

পদযাত্রাটি শহরের কোর্টমোড় প্রদক্ষিণ করে পুনরায় সাহিত্য পরিষদ চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে সমাবেশ অনুষ্ঠিত হয়। জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য খন্দকার আব্দুল জব্বার সোনার সভাপতিত্বে প্রধান অতিথি থেকে বক্তব্য দেন জেলা বিএনপির আহ্বায়ক ও কেন্দ্রীয় কমিটির সহ- কোষাধ্যক্ষ মাহমুদ হাসান খান বাবু।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ‘মিথ্যা ষড়যন্ত্রমূলক মামলায় বর্তমান সরকারের ফর্মায়েশি বিচারে জেল দিয়ে গৃহবন্দী করে রাখা হয়েছে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে। তিনি খুবই অসুস্থ। কিন্তু তাকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে পাঠানো হচ্ছে না। বেগম জিয়াকে মুক্তি দিতে হবে, সুচিকিৎসার ব্যবস্থা করতে হবে। অন্যথায়, বন্দি অবস্থায় বেগম জিয়ার কিছু হলে তার দায় দায়িত্ব হাসিনা সরকারকেই নিতে হবে। আামরা এই সরকারের কাছে খালেদা জিয়ার সুচিকিৎসার দাবি করি না, আমরা বেগম জিয়ার স্থায়ী মুক্তি চাই।’

জেলা বিএনপির সদস্য সচিব শরীফুজ্জামান শরীফের পরিচালনায় এসময় বিশেষ অতিথি ছিলেন, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও দর্শনা থানা বিএনপির সভাপতি বীর মুক্তিযোদ্ধা খাজা আবুল হাসনাত, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও মহিলা দলের সভাপতি রউফ উর নাহার রিনা।

জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আবু বক্কর সিদ্দিক আবুর উপস্থাপানায় এসময় আরও উপস্থিত ছিলেন জিবনগর উপজেলা বিএনপির সভাপতি আনোয়ার হোসেন খান, চুয়াডাঙ্গা পৌর বিএনপির সভাপতি সিরাজুল ইসলাম মনি, সদর উপজেলা বিএনপির সভাপতি নজরুল ইসলাম নজু, আলমডাঙ্গা পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু, আলমডাঙ্গা উপজেলার বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও কৃষক দলের আহ্বায়ক মোকাররম হোসেন, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য মির্জা ফরিদুল ইসলাম শিপলু, জীবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক শাহাজাহান আলী, জিবনগর পৌর বিএনপির সভাপতি শাহাজাহান কবির, চুয়াডাঙ্গা সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মনিরুজ্জামান লিপটন, জেলা বিএনপির সদস্য ও জিবনগর উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আবুল কালাম আজাদ, আলমডাঙ্গা পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, চুয়াডাঙ্গা পৌর বিএনপির সাধারণ সম্পাদক মাহামুদুর রহমান পল্টু, জিবনগর পৌর বিএনপির সাধারণ সম্পাদক শামসুজ্জামান ডাবলু, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক কমিটির সদস্য মুকুল শাহ, সমন্বয় কমিটির সদস্য মশিউর রহমান মশিউর, জেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক মো শফিকুল ইসলাম পিটু, জেলা শ্রমিক দলের তরফদার সাবু, জেলা যুবদলের সাধারণ সম্পাদক সাইফুর রশিদ ঝন্টু, সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান, জেলা মহিলা দলের সাধারণ সম্পাদক জাহানারা পারভিন, জেলা জাসাস এর

সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিম, জেলা মৎসজীবী দলের যুগ্ম আহ্বায়ক কামরুজ্জামান বাবলু, জেলা কৃষক দলের যুগ্ম আহ্বায়ক আরিফ হোসেন জোয়ার্দার সোনা, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মোমিন মালিতা, জেলা ওলামা দলের সদস্য সচিব মওলানা আনোয়ার হোসেন প্রমুখ।

ঝিনাইদহে বিএনপির পদযাত্রা অনুষ্ঠিত

বিএনপি’র চেয়ারপার্সন ও একাধিকবার নির্বাচিত প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি ও উন্নত চিকিৎসার দাবীতে ঝিনাইদহে বিএনপি’র পদযাত্রা কর্মসূচী পালিত হয়েছে।

আজ শনিবার (১৯ আগস্ট) দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে থেকে পদযাত্রাটি শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক ঘুরে কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকায় গিয়ে শেষ হয়। পরে সেখানে অনুষ্ঠিত সংক্ষিপ্ত সমাবেশে বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির খুলনা বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এম মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা বলেন, এখন বিএনপির একটিই দাবি, সরকারের পদত্যাগ ও বেগম খালেদা জিয়ার মুক্তি দিয়ে সুচিকিৎসা প্রদান করা। খালেদা জিয়ার মুক্তি না দিলে সেপ্টেম্বর মাস থেকে তীব্র আন্দোলনের মাধ্যমে এ সরকারকে ক্ষমতার মসনদ থেকে নামানো হবে।

মেহেরপুরে জেলা বিএনপির পদযাত্রা অনুষ্ঠিত

বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মুক্তি ও উন্নত চিকিৎসার দাবিতে মেহেরপুরে জেলা বিএনপির আয়োজনে পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (১৯ আগস্ট) সকাল সাড়ে দশটার সময় মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে এই পদযাত্রা অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেনের নেতৃত্বে পদযাত্রাটি মেহেরপুর শহরের পুরাতন ঈদগাহ ময়দানের কাছ থেকে শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক পদক্ষেণ শেষে ছহিউদ্দিন ডিগ্রী কলেজের কাছে গিয়ে শেষ হয়।

পদযাত্রায় অন্যদের মধ্যে জেলা জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, আলমগীর খান ছাতু, জেলা বিএনপির সাংগাঠনিক সম্পাদক জুলফিকার আলী ভূট্টো, সদর উপজেলা বিএনপি’র সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম, সাধারণ সম্পাদক বদর উদ্দীন, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, গাংনী পৌর বিএনপির সভাপতি ও সাবেক গাংনী উপজেলা চেয়ারম্যান মোরাদ হোসেন, গাংনী উপজেলা বিএনপির সাবেক আহবায়ক মো: আব্দুল্লাহ, জেলা যুবদলের সভাপতি জাহিদুর রহমান, মেহেরপুর জেলা কৃষকদলের সভাপতি মাহাবুবুর রহমান মাহবুব, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন, সাবেক ছাত্রনেতা আবু হাসনাত আফরোজ, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাসসহ জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।